

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প  
www.abak-rdcd.gov.bd  
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৭.১৯.৪৫৪

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৬

০৩ অক্টোবর ২০১৯

**বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।**

জনাব মোহাম্মদ তারেকুল ইসলাম, নৈশপ্রহরী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, হাটহাজারী, চট্টগ্রাম-এর বিরুদ্ধে দায়িত্বপালনে চরম গাফিলতি এবং উপজেলা সমন্বয়কারীর সাথে খারাপ আচরণসহ নানাবিধ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। তাছাড়া সঠিকভাবে দায়িত্ব পালন না করার কারণে উপজেলা সমন্বয়কারী কর্তৃক তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও তিনি কোন জবাব প্রদান করেননি মর্মে উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম প্রকল্প সদর কার্যালয়কে অবহিত করেছেন।

০২। বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং শৃঙ্খলা পরিপন্থী। এহেন অবস্থায় তাকে প্রকল্পের চাকুরিতে বহাল রাখা কোনোভাবেই সমীচীন নয়। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬(ছয়) নং শর্তানুযায়ী তাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেয়ার বিধান রয়েছে।

০৩। এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ০৭(সাত) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৬-১০-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

জনাব মোহাম্মদ তারেকুল ইসলাম, নৈশপ্রহরী, আমার বাড়ি  
আমার খামার প্রকল্প, হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৭.১৯.৪৫৪/১(৯)

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৬

০৩ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, চট্টগ্রাম।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৯) সংশ্লিষ্ট নথি।



৬-১০-২০১৯

(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)